শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

পসব্য/প্রকা/পরি-২২(অংশ-০২)/২০২৩-২৪/৯৮৩ তারিখ: ২৬-০৫-২০২৪ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক
সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: পারফরমেন্স মূল্যায়নের ভিত্তিতে মাঠ পর্যায়ে শ্রেষ্ঠ শাখা ও কর্মকর্তা/কর্মচারীগণের উৎসাহমূলক পুরস্কার প্রদান নীতিমালা-২০২৪।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে কর্মীদের স্বত:স্ফূর্ত কর্মোদ্যোগ আরও গতিশীল করার লক্ষ্যে পারফরমেন্স মূল্যায়নের ভিত্তিতে মাঠ পর্যায়ে শ্রেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী ও শ্রেষ্ঠ শাখা নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদানের লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৩-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত ১১৪ তম সভায় একটি নীতিমালা অনুমোদন করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্বারা জারী করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৬/০৫/২০২৪

**(মো: আলা উদ্দিন)**
মহাব্যবস্থাপক

---

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-২২(অংশ-০২)/২০২৩-২৪/৯৮৩(৫৫) তারিখ: ২৬-০৫-২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। স্টাফ অফিসার টু চেয়ারম্যানের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সকল শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭। সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৮। অফিস নথি।

**(মোঃ রুহুল আমিন)**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**সঞ্চয় ও ঋণ বিভাগ**

**বিষয়: পারফরমেন্স মূল্যায়নের ভিত্তিতে মাঠ পর্যায়ে শ্রেষ্ঠ শাখা ও কর্মকর্তা/কর্মচারীগণের উৎসাহমূলক পুরস্কার প্রদান নীতিমালা-২০২৪।**

ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে কর্মীদের স্বত:স্ফূর্ত কর্মোদ্যোগ আরও গতিশীল করার লক্ষ্যে পরিচালনা বোর্ডের ২৩-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত ১১৪ তম সভায় একটি নীতিমালা অনুমোদন করা হয়েছে যা ব্যাংকের উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। প্রাতিষ্ঠানিকভাবে এমন উদ্যোগ বাস্তবায়নে একদিকে কর্মীদের মধ্যে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণে কাজের গুনগত মান ও আগ্রহ বৃদ্ধি পাবে; অপরদিকে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনের পথ সুগম হবে। পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ে কর্মরত শ্রেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারীগণ ও শ্রেষ্ঠ শাখাকে পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসারে প্রতি অর্থবছরে ব্যাংকের কর্মকর্তা/ কর্মচারীগণের মধ্যে শ্রেষ্ঠ মাঠ সহকারী, ক্যাশ সহকারী, কম্পিউটার অপারেটর, জুনিয়র অফিসার (মাঠ), শাখা ব্যবস্থাপক, জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তাগণকে পুরস্কার প্রদান করা হবে।

০২। **পুরস্কার প্রদানের পর্যায়:**

পুরস্কার প্রদানের জন্য নিম্নোক্ত পর্যায়সমূহ বিবেচনা করা হবে:

২.১ শাখা পর্যায়ে কর্মরত মাঠ সহকারীগণের স্বত:স্ফূর্ত কর্মোদ্যোগ আরও গতিশীল করার লক্ষ্যে পারফরমেন্স মূল্যায়নের ভিত্তিতে ৪ টি পর্যায়ে পুরস্কার প্রদান করা হবে।

২.১.১ **শাখা ভিত্তিক:** শাখা কার্যালয়সমূহে কর্মরত মাঠ সহকারীগণের মধ্যে প্রতিটি শাখা হতে শ্রেষ্ঠ ১ জন করে মোট ৪৯০ জন মাঠ সহকারী;

২.১.২ **জেলা ভিত্তিক:** জেলার আওতাধীন শাখা কার্যালয়সমূহে কর্মরত মাঠ সহকারীগণের মধ্যে প্রতিটি জেলা হতে শ্রেষ্ঠ ১ জন করে মোট ৬৪ জন মাঠ সহকারী;

২.১.৩ **বিভাগ ভিত্তিক:** বিভাগের আওতাধীন শাখা কার্যালয়সমূহে কর্মরত মাঠ সহকারীগণের মধ্যে ৮টি বিভাগ হতে শ্রেষ্ঠ ১ জন করে মোট ০৮ জন মাঠ সহকারী।

২.১.৪ **সমগ্র বাংলাদেশ ভিত্তিক:**

- দেশের শাখা কার্যালয়সমূহে কর্মরত মাঠ সহকারীগণের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩ (তিন) জন (১ম, ২য়, ৩য়) মাঠ সহকারী;
- দেশের শাখা কার্যালয়সমূহের রিমোট অঞ্চলে কর্মরত মাঠ সহকারীগণের মধ্য হতে শ্রেষ্ঠ ২০ জন মাঠ সহকারী।

২.২ শাখা ও জেলা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত ক্যাশ সহকারী, কম্পিউটার অপারেটর, জুনিয়র অফিসার (মাঠ), শাখা ব্যবস্থাপক, জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তাগণকে স্বত:স্ফূর্ত কর্মোদ্যোগ আরও গতিশীল করার লক্ষ্যে পারফরমেন্স মূল্যায়নের ভিত্তিতে পুরস্কার প্রদান করা হবে।

২.২.১ শাখা ও জেলা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত ক্যাশ সহকারীগণের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩ জন ক্যাশ সহকারী;
২.২.২ শাখা ও জেলা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত কম্পিউটার অপারেটরগণের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩ জন কম্পিউটার অপারেটর;
২.২.৩ শাখা ও জেলা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত জুনিয়র অফিসার (মাঠ) গণের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩ জন জুনিয়র অফিসার (মাঠ);
২.২.৪ শাখা ব্যবস্থাপকগণের মধ্যে প্রতি বিভাগ হতে শ্রেষ্ঠ ০১ জন করে মোট ০৮ জন শাখা ব্যবস্থাপক;
২.২.৫ জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩ জন কর্মকর্তা;
২.২.৬ শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তাগণের মধ্য হতে শ্রেষ্ঠ ০১ জন কর্মকর্তা এবং
২.২.৭ সকল শাখা কার্যালয়ের মধ্য হতে শ্রেষ্ঠ ৩টি (১ম, ২য়, ৩য়) শাখা কার্যালয়।

০৩। **শ্রেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী ও শাখা মূল্যায়ন পদ্ধতি:**

৩.১ **মাঠ সহকারী:**

| ক্র নং | সূচকের মান | বিবরণ | নম্বর |
|---|---|---|---|
| ০১ | সঞ্চয় আদায় | ১০০% এর জন্য | ৩০ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| ০২ | শ্রেনীকৃত ঋণ হ্রাস | ১০০% এর জন্য (স্থিতি শূন্য) | ১৫ |
| | | স্থিতি ৯০-৯৯% হ্রাসের জন্য | ১৪ |
| | | স্থিতি ৮০-৮৯% হ্রাসের জন্য | ১৩ |
| | | স্থিতি ৭০-৭৯% হ্রাসের জন্য | ১২ |
| | | স্থিতি ৬০-৬৯% হ্রাসের জন্য | ১১ |
| | | পরবর্তী প্রতি ৫% হ্রাসের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| | | সর্বনিম্ন নম্বর | ৫ |
| | | স্থিতি বৃদ্ধি পেলে | ০ |
| ০৩ | মেয়াদোত্তীর্ণ ঋণ হ্রাস | ১০০% এর জন্য (স্থিতি শূন্য) | ১৫ |
| | | স্থিতি ৯০-৯৯% হ্রাসের জন্য | ১৪ |
| | | স্থিতি ৮০-৮৯% হ্রাসের জন্য | ১৩ |
| | | স্থিতি ৭০-৭৯% হ্রাসের জন্য | ১২ |
| | | স্থিতি ৬০-৬৯% হ্রাসের জন্য | ১১ |
| | | পরবর্তী প্রতি ৫% হ্রাসের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| | | সর্বনিম্ন নম্বর | ৫ |
| | | স্থিতি বৃদ্ধি পেলে | ০ |
| ০৪ | ঋণ আদায় | ১০০% এর জন্য | ২০ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| ০৫ | ঋণ বিতরণ | ১০০% এর জন্য | ২০ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| মোট নম্বর | | | ১০০ |

৩.২ **ক্যাশ সহকারী, কম্পিউটার অপারেটর ও জুনিয়র অফিসার (মাঠ):**

| ক্রমিক নং | সূচকের মান | নম্বর |
|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ |
| ২ | সেবা গ্রহীতাদের সেবা প্রদান | ১০ |
| ৩ | কম্পিউটার ও তথ্য প্রযুক্তির ব্যবহার, ই-কমিউনিকেশনে দক্ষতা | ১০ |
| ৪ | নির্ভুলভাবে কার্য সম্পাদন | ১০ |
| ৫ | নিয়মিত ক্যাশ মিলকরণ */ নিয়মিত মাঠ পরিদর্শন ** | ১০ |
| ৬ | বিভিন্ন বিবরণী প্রস্তুতে পারদর্শিতা | ১০ |
| ৭ | যথাসময়ে বিবরণী প্রস্তুত ও প্রেরণ */ যথাযথভাবে ঋণ নথি যাচাই-বাছাই করণ ** | ১০ |
| ৮ | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ |
| ৯ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ১০ | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ |
| | মোট নম্বর | ১০০ |

* ক্যাশ সহকারী ও কম্পিউটার অপারেটরগণের ক্ষেত্রে প্রযোজ্য।

** জুনিয়র অফিসার (মাঠ) গণের ক্ষেত্রে প্রযোজ্য।

৩.৩ শাখা ব্যবস্থাপক, জেলা (আঃ) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তা ও শাখা কার্যালয় নির্বাচনের ক্ষেত্রে:

| ক্র নং | সূচকের মান | বিবরণ | নম্বর |
|---|---|---|---|
| ০১ | সঞ্চয় আদায় | ১০০% অর্জনের জন্য | ৩০ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| ০২ | শ্রেনীকৃত ঋণ হ্রাস | ১০০% এর জন্য (স্থিতি শূন্য) | ১৫ |
| | | স্থিতি ৯০-৯৯% হ্রাসের জন্য | ১৪ |
| | | স্থিতি ৮০-৮৯% হ্রাসের জন্য | ১৩ |
| | | স্থিতি ৭০-৭৯% হ্রাসের জন্য | ১২ |
| | | স্থিতি ৬০-৬৯% হ্রাসের জন্য | ১১ |
| | | পরবর্তী প্রতি ৫% হ্রাসের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| | | সর্বনিম্ন নম্বর | ৫ |
| | | স্থিতি বৃদ্ধি পেলে | ০ |
| ০৩ | মেয়াদোত্তীর্ণ ঋণ হ্রাস | ১০০% এর জন্য (স্থিতি শূন্য) | ১৫ |
| | | স্থিতি ৯০-৯৯% হ্রাসের জন্য | ১৪ |
| | | স্থিতি ৮০-৮৯% হ্রাসের জন্য | ১৩ |
| | | স্থিতি ৭০-৭৯% হ্রাসের জন্য | ১২ |
| | | স্থিতি ৬০-৬৯% হ্রাসের জন্য | ১১ |
| | | পরবর্তী প্রতি ৫% হ্রাসের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| | | সর্বনিম্ন নম্বর | ৫ |
| | | স্থিতি বৃদ্ধি পেলে | ০ |
| ০৪ | ঋণ আদায় | ১০০% অর্জনের জন্য | ১৫ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| ০৫ | ঋণ বিতরণ | ১০০% অর্জনের জন্য | ১৫ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| ০৬ | মুনাফার লক্ষ্যমাত্রা | ১০০% অর্জনের জন্য | ১০ |
| | | পরবর্তী প্রতি ২% কম অর্জনের জন্য | ১ নম্বর করে হ্রাস পাবে |
| মোট নম্বর | | | ১০০ |

## ০৪। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ:

৪.১ বিবেচ্য কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য ন্যূনতম ০১ (এক) বছর পল্লী সঞ্চয় ব্যাংকে চাকরি করতে হবে;

৪.২ পুরস্কারের সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে পুরস্কার প্রদান করা হবে;

৪.৩ কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ তদন্তাধীন/বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;

৪.৪ মামলায় শাস্তিপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণের ক্ষেত্রে:

ক. তিরস্কার দন্ডপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ দন্ডের আদেশ জারির পরবর্তী ৩ (তিন) বছর পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না;

খ. অন্যান্য লঘু দন্ডপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ দন্ডের আদেশ জারির পরবর্তী ৫ (পাঁচ) বছর পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না;

গ. গুরু দন্ডপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ চাকরি জীবনে পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না;

৪.৫ যিনি একাধিক পর্যায়ে পুরস্কারের জন্য নির্বাচিত হবেন তিনি শুধু সর্বোচ্চ পর্যায়ের পুরস্কারের জন্য চূড়ান্তভাবে বিবেচিত হবেন;

৪.৬ একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হলে কমিটি কর্তৃক সিদ্ধান্ত চূড়ান্ত হবে।

## ০৫। পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন ও অনুমোদনকারী কর্তৃপক্ষ:

নিম্নোক্ত কমিটি যাচাই-বাছাইপূর্বক সুপারিশমালা প্রণয়ন করবে যা পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক অনুমোদন করবেন:

| | |
|---|---|
| সভাপতি | : উপ-ব্যবস্থাপনা পরিচালক, তাঁর অনুপস্থিতিতে জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক |
| সদস্য | : সকল মহাব্যবস্থাপক |
| সদস্য-সচিব | : সঞ্চয় ও ঋণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

০৬। **পুরস্কারপ্রাপ্ত শাখা কার্যালয় ও কর্মকর্তা/ কর্মচারীর পুরস্কারের মূল্যমান:**

পুরস্কার হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমেটে প্রশংসাপত্র, ক্রেস্ট এবং আর্থিক সুবিধা প্রদান করা হবে। শাখা কার্যালয় ও কর্মকর্তা/ কর্মচারীর পুরস্কারের মূল্যমান হবে নিম্নরূপ:

| ক্রঃ নং | শ্রেষ্ঠ কর্মকর্তা/ কর্মচারী ও কার্যালয় | আর্থিক সুবিধা (টাকা) | অনার্থিক সুবিধা |
|---|---|---|---|
| ১ | শাখা ভিত্তিক শ্রেষ্ঠ মাঠ সহকারী | ১০,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ২ | জেলা ভিত্তিক শ্রেষ্ঠ মাঠ সহকারী | ১২,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৩ | বিভাগ ভিত্তিক শ্রেষ্ঠ মাঠ সহকারী | ১৩,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৪ | দেশের শ্রেষ্ঠ মাঠ সহকারী | ১৪,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৫ | দেশের রিমোট অঞ্চল ভিত্তিক শ্রেষ্ঠ মাঠ সহকারী | ১৪,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৬ | দেশের শ্রেষ্ঠ ক্যাশ সহকারী | ১৪,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৭ | দেশের শ্রেষ্ঠ কম্পিউটার অপারেটর | ১৪,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৮ | দেশের শ্রেষ্ঠ জুনিয়র অফিসার (মাঠ) | ১৪,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ৯ | দেশের শ্রেষ্ঠ শাখা ব্যবস্থাপক | ১৫,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ১০ | দেশের শ্রেষ্ঠ জেলা (আঃ) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ২০,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ১১ | শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তা | ২৫,০০০/- | প্রশংসাপত্র ও ক্রেস্ট |
| ১২ | দেশের শ্রেষ্ঠ শাখা কার্যালয় | -- | প্রতি শাখার নামে একটি ক্রেস্ট এবং সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে একটি করে প্রশংসাপত্র |

০৭। উক্ত নীতিমালা অনুযায়ী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পুরস্কার প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম প্রক্রিয়াকরণ/ সম্পাদন করবেন।

০৮। ২০২৩-২৪ অর্থবছরের পারফরমেন্সের ভিত্তিতে উক্ত নীতিমালার আলোকে পুরস্কার প্রদান সংক্রান্ত কার্যক্রম শুরু হবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে,

**(শেখ মো: জামিনুর রহমান)**
ব্যবস্থাপনা পরিচালক